



# বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর

## Bangladesh Rice Research Institute, Gazipur

Phone: PABX-880-2-49272005-9, 49272010-38, 49272056, Fax: 880-2-49272008  
E-mail: dm@bri.gov.bd; brribo@yahoo.com; Website: www.bri.gov.bd; www.knowledgebank-bri.org


### বিশেষ কৃষি আবহাওয়া বুলেটিন

#### এক নজরে কুয়াশার পূর্বাভাস

০৩/০১/২০২৩ইং তারিখের পর থেকে ঢাকা, খুলনা, ও বরিশাল বিভাগের সকল জেলায় মাঝারি থেকে ভারি কুয়াশার বিস্তার শুরু হয়েছে। ০৪/০১/২০২৩ইং রাতে রাজশাহী, রংপুর ও ময়মনসিংহ বিভাগের সকল জেলায় মাঝারি থেকে ঘন কুয়াশা প্রবাহিত হবে। আজ রাতের মধ্যে কুয়াশা সিলেট বিভাগের সকল জেলায় বিস্তার লাভ করবে।

এ কুয়াশা অবস্থা আগামী ০৬/০১/২০২৩ইং তারিখ শুক্রবার পর্যন্ত অব্যাহত থাকার সম্ভাবনা প্রবল। নিচে সংযুক্ত ছবিতে দেখা যাচ্ছে যে, পুরো হিমালয় পর্বতের পাদদেশ কুয়াশায় আচ্ছন্ন। এই কুয়াশা উত্তর-পশ্চিম দিকে থেকে দক্ষিণ-পূর্ব দিকে প্রবাহিত হচ্ছে। এই কুয়াশার চাদরের পুরোটাই বাংলাদেশের উপর দিয়ে প্রবাহিত হওয়ার প্রবল সম্ভাবনা রয়েছে যদি না হঠাৎ করে বায়ু প্রবাহের দিকের পরিবর্তন হয় যার সম্ভাবনা খুবই কম। কুয়াশা শুক্রবার এর পরে শেষ হয়ে গেলেও এর পরে বাতাসের তাপমাত্রা আন্তে-আন্তে বাড়তে থাকবে তবে ঠান্ডা বাতাস বাংলাদেশের উপর দিয়ে প্রবাহিত হওয়ার সম্ভাবনা খুবই বেশি ১০/০১/২০২৩ইং পর্যন্ত।

#### কুয়াশার পূর্বাভাস ম্যাপ



#### ০৪/০১/২০২৩ থেকে ১০/০১/২০২৩ তারিখের কৃষি পরামর্শ

#### ধান গাছের বৃদ্ধির পর্যায়ঃ চারা অবস্থা

##### উৎপাদন ব্যবস্থাপনা/সম্ভাব্য সমস্যা ও করণীয়

- কুয়াশা ও তীব্র শীতের এ অবস্থায় বীজতলায় ৩-৫ সেন্টিমিটার পানি ধরে রাখতে হবে।
- স্বচ্ছ পলিথিনের ছাউনি দিয়ে বীজতলা সারাদিন রাত ঢেকে রাখতে হবে তবে খেয়াল রাখতে হবে যে, পলিথিনের সাথে চারার পাতা যেন স্পর্শ না করে।
- প্রতি ১০ লিটার পানিতে ৭০-৮০ গ্রাম থিওভিট অথবা কমুলাস ভাল ভাবে মিশিয়ে ৪-৫ শতাংশ বীজতলায় স্প্রে করা যেতে পারে।
- এ সময় বীজতলা স্বচ্ছ পলিথিন দিয়ে ঢেকে দিলে, বীজতলায় পানি সকালে বের করে দিয়ে আবার নতুন পানি দিলে, প্রতিদিন সকালে চারার উপর জমাকৃত শিশির ঝরিয়ে দিলে চারা ঠান্ডার প্রকোপ থেকে রক্ষা পায় এবং স্বাভাবিকভাবে বাড়তে পারে।